# উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : পাপিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার, বাসাইল, টাঙ্গাইল।

সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, বাসাইল, টাঙ্গাইল।

তারিখ ও সময় : ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ, সময়ঃ বেলা ১১.৩০ টা

সভায় উপস্থিতি : সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | উপকারভোগী চূড়ান্ত নির্বাচন | সদস্য সচিব সভায় জনান যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের নির্দেশনা এবং ০৩ আগস্ট ২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী ১-২০ তারিখ পর্যন্ত বাসাইল উপজেলার সংশ্লিষ্ট উদ্যোক্তগণ আবেদনকারীদের আবেদন অনলাইনে এন্ট্রি করেন। সেপ্টেম্বর/২০২৩ মাসে পৌরসভা ও ইউনিয়ন পরিষদ হতে অনলাইনে মোট ১৩০ টি আবেদন পত্র পাওয়া গিয়েছে। প্রাপ্ত আবেদন সমূহ পৌর/ইউনিয়ন কমিটির মাধ্যমে যাচাই-বাছাই করে পৌরসভা হতে ২৩ টি এবং প্রতি ইউনিয়ন হতে ০৯ টি করে আবেদনপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দালিখ করেছেন। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আবেদনপত্র সমূহ সভায় উপস্থাপন করেন। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের তথ্য এবং আবেদন পত্র সমূহ বিবেচনা পূর্বক নিম্নলিখিতভাবে ভাতাভোগী নির্বাচন করা হয়। (নিচের সারণি দ্রষ্টব্য) | ১. সভায় সর্বসম্মতিক্রমে ভাতাভোগী তালিকা অনুমোদিত হয়।<br><br>২. আবেদনকারীগণকে ভাতা প্রদানের সর্বোচ্চ সুবিধা দেয়ার জন্য পরবর্তী মাস সমূহে আবেদন সমন্বয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১. মেয়র, পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।<br><br>২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল।<br><br>৩. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল। |

| ক্র: নং | পৌরসভা/ ইউনিয়নের নাম | প্রতি মাসে বরাদ্দ | সেপ্টেম্বর/২৩ মাসে প্রাপ্ত মোট আবেদন | **সেপ্টেম্বর/ ২৩ মাসে মোট নির্বাচন** | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | বাসাইল পৌরসভা | ১৩ | ২৩ | **১৩** | |
| ০২ | বাসাইল | ০৬ | ১১ | **০৬** | |
| ০৩ | ফুলকী | ০৬ | ২৪ | **০৬** | |
| ০৪ | হাবলা | ০৬ | ০৯ | **০৬** | |
| ০৫ | কাঞ্চনপুর | ০৬ | ১৯ | **০৬** | |
| ০৬ | কাশিল | ০৬ | ২৮ | **০৬** | |
| ০৭ | কাউলজানী | ০৬ | ১৬ | **০৬** | |
| | মোট= | ৪৯ টি | ১৩০ টি | **৪৯ টি** | |

সদস্য সচিব সভায় আরও জানান যে, আবেদন করার ক্ষেত্রে ৪-৬ মাসের গর্ভাবস্থার মধ্যে আবেদন করার বাধ্যবাধকতা রয়েছে। কোন আবেদনকারী ৪ মাস গর্ভধারণের সময় আবেদন করলে পরবর্তী ২ মাসের মধ্যে সমন্বয় করা যেতে পারে।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০২ | অনলাইন আবেদন সংক্রান্ত | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহ হতে যথাসময়ে আবেদনপত্র উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণ করা হয় না বিধায় ভাতাভোগী চূড়ান্ত করার ক্ষেত্রে সমস্যার সৃষ্টি হয়। এ প্রেক্ষিতে প্রত্যেক মাসের **০১-১৫ তারিখের** মধ্যে সংশ্লিষ্ট মাসের আবেদন এন্ট্রি করা হলে পরবর্তী কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হবে। | ১. পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহে প্রত্যেক মাসের ০১-১৫ তারিখের মধ্যে অনলাইনে আবেদন এন্ট্রি করার সিদ্ধান্ত | ১. মেয়র, পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।<br><br>২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | গ্রহণ করা হয়। | ৩. চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।<br><br>৪. তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, বাসাইল, টাঙ্গাইল। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের আহবান জানান এবং সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৯/২০২৩

পাপিয়া আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মা ও শিশু সহায়তা কর্মসূচি বাস্তবায়ন কমিটি
বাসাইল, টাঙ্গাইল।

স্মারক নং : ৩২.০১.৯৩০৯.০০০.৩৪.০৫৩.২২. ৬০৫ — তারিখঃ ২৭/০৯/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. কর্মসূচি পরিচালক (মা ও শিশু সহায়তা কর্মসূচি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
০২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
০৩. মেয়র, বাসাইল পৌরসভা, বাসাইল, টাঙ্গাইল।
০৪. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
০৫. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
০৬. উপজেলা, .................................................. কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল।
০৭. চেয়ারম্যান, ..................................... ইউনিয়ন পরিষদ, বাসাইল, টাঙ্গাইল।
০৮. জনাব ............................................., বাসাইল, টাঙ্গাইল।
০৯. অফিস নথি।

২৭.০৯.২৩

কনিকা মল্লিক
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বাসাইল, টাঙ্গাইল।